দৈনিক খবর

তারিখ ... ১৫/১০/৯৩ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

৪।

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোক দিবস

।। নজরুল ইসলাম মিঠু ।।

আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শোক দিবস। ১৯৮৫ সালের ১৫ই অক্টোবর জগন্নাথ হলের জীর্ণ ছাদ ধসে ৩৯ জনের মর্মান্তিক মৃত্যু হয়েছিল, আহত হয়েছিল একশ' তিনজন। নিহতদের মধ্যে ২৫ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং ১৪ জন ছিলেন অতিথি।

প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ উপলক্ষে শোক দিবস পালন করা হয়। এবারও এ উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন ও ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। কর্মসূচীর মধ্যে রয়েছে সকল হল ও বিশ্ববিদ্যালয়ের প্রধান ভবনসমূহে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত, কালো ব্যাজ ধারণ, সকাল সাড়ে ছ'টায় অপরাজেয় বাংলা হতে জগন্নাথ হল পর্যন্ত শোক মিছিল, জগন্নাথ হলের স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন, সকাল আটটায় হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টানদের প্রার্থনা সভা, সকাল সাড়ে এগারোটায় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী, বিকেল চারটায় জগন্নাথ হল সংসদ আয়োজিত স্মরণ সভা ও গীতি আলেখ্য 'হৃদয়ে অক্টোবর' অনুষ্ঠিত হবে জগন্নাথ হল প্রাঙ্গণে।